খায়রুল কবির খোকনের বড় ভাই বীর মুক্তিযোদ্ধা রুনুর দাফন সম্পন্ন

হলধর দাস, নরসিংদী – বীর মুক্তিযোদ্ধা বিশিষ্ট সাংবাদিক, সমাজ সেবক রশিদুজ্জামান রুনুর লাশ শুক্রবার(২১ মার্চ) জুমার নামাজের পর শিবপুর উপজেলার তার নিজ গ্রাম কুতুবের টেক আড়ালী ঈদগাহ মাঠে নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। জানাযার আগে রাস্ট্রীয় মর্যাদায় গার্ড অব অর্নার প্রদান করা হয়। শেষে পারিবারিক গোরস্থানে মরদেহ দাফন করা হয়।

তিনি গত বৃহস্পতিবার (২০ মার্চ)বেলা তিনটায় ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।
তিনি দীর্ঘদিন দুরারোগ্য ক্যান্সার রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৫ বছর।
মৃত্যুকালে তিনি স্ত্রী, চার মেয়ে, আত্মীয়-স্বজনসহ অসংখ্য গুনগ্রাহী রেখেগেছেন।
জানাযা পূর্ব সংক্ষিপ্ত আলোচনায় বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা মরহুম রশিদুজ্জমান রুনুর ছোট ভাই বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপির) যুগ্ম মহাসচিব ও নরসিংদী জেলা বিএনপির আহবায়ক, সাবেক এমপি খায়রুল কবির খোকন; নরসিংদী জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও নরসিংদী জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক তোফাজ্জল হোসেন মাষ্টারের পরিচালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কালিগঞ্জের সাবেক এমপি ফজলুল হক মিলন, মনোহরদীর সাবেক এমপি সরদার সাখাওয়াত হোসেন বকুল, শিবপুর উপজেলা যুদ্ধকালীন মুক্তিযোদ্ধা কমান্ডার প্রফেসর আঃ মান্নান খান, নরসিংদী জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার আঃ রশিদ মোল্লা, নরসিংদী জেলা বিএনপির সদস্য সচিব মনজুর এলাহী, শিবপুর উপজেলা বিএনপির সভাপতি আবুল হারিছ রিকাবদার, জাতীয়তাবাদী ছাত্র দলের কেন্দ্রীয় কমিটির সাবেক সাধারণ সম্পাদক আকরামুল হাসান মিন্টু প্রমুখ।

বীর মুক্তিযোদ্ধা রশিদুজ্জামান রুনুর মৃত্যুতে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, গাজীপুরের কালীগঞ্জের বিএনপি নেতা ফজলুল হক মিলন, স্থানীয় নরসিংদী জেলা বিএনপির সদস্য সচিব মনজুর

এলাহী, শিবপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুল হারিছ রিকাবদার কালামিয়াসহ স্থানীয় বিএনপি, মুক্তিযোদ্ধা ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ শোক ও সমবেদনা প্রকাশ করেন।